



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



বিজ্ঞপ্তি নং- ২২/২০২১

তারিখঃ ২৯-১১-২০২১

বিজ্ঞপ্তি

ব্যাফুফের আওতাধীন সদস্য সংস্থাসমূহ।

বিষয়ঃ 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২১-২২' এ অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২১-২২' আগামী জানুয়ারী ২০২২ এর ১ম (প্রথম) সপ্তাহ হতে আয়োজন করা হবে। ব্যাফুফের সিদ্ধান্ত অনুযায়ী 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২১-২২' এ ঢাকা জেলার অন্তর্ভুক্ত সর্বমোট ৬০টি দল অংশগ্রহণ করবে। এ লক্ষ্যে ঢাকা জেলার অন্তর্ভুক্ত যে সকল ক্লাব/সংস্থা 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২১-২২' এ অংশগ্রহণে অগ্রহী সে সকল ক্লাব/সংস্থাসমূহকে ব্যাফুফে বরাবর আবেদন করার মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। আসন্ন 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২১-২২' উপলক্ষে প্রণীত নিবন্ধন ফরমে উল্লেখিত বিভিন্ন নির্নায়কসমূহ পূরণ করা বাঞ্ছনীয় বিধায় নির্ধারিত নিবন্ধন ফরম এতদসঙ্গে সংযুক্তি হিসেবে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, ঢাকা জেলার অন্তর্ভুক্ত যে সকল ক্লাব/সংস্থা 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২১-২২' এ অংশগ্রহণে অগ্রহী উক্ত ক্লাব/সংস্থাসমূহকে সংযুক্ত নিবন্ধন ফরমে উল্লেখিত বিভিন্ন ডকুমেন্ট/কাগজ পত্রাদি যথাযথভাবে সংযুক্ত/পূরণ পূর্বক আগামী ৩০ নভেম্বর হতে ৫ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে মতিঝিলস্থ ব্যাফুফে সচিবালয় বরাবর প্রেরণ করতে হবে। এছাড়াও উক্ত প্রতিযোগিতায় ইতিপূর্বে অংশগ্রহণকারী ক্লাবসমূহকে নিবন্ধনের লক্ষ্যে উল্লেখিত সময়সীমার মধ্যে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ৩,০০০/- (তিন হাজার) টাকা এবং সম্পূর্ণ নতুন ক্লাবসমূহের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা মতিঝিলস্থ ব্যাফুফে সচিবালয়ের হিসাব শাখায় জমা প্রদান করতঃ নিবন্ধন কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

সংশ্লিষ্ট বিষয়ে যে কোন প্রয়োজনে ব্যাফুফে ক্লাব লাইসেন্সিং অফিসার জনাব মোঃ মিরাজুল ইসলাম (মোবাইলঃ +৮৮০১৭০৮-৪৫৪৫৯৮, ই-মেইলঃ miraj.bff@gmail.com) অথবা ব্যাফুফের এক্সিকিউটিভ-কম্পিটিশন জনাব খন্দকার রাকিবুল ইসলাম রিজভী (মোবাইলঃ +৮৮০১৬৮১-৫৫১৪২৪, ই-মেইলঃ khondkerrizvy.bff@gmail.com) এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ইহা আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,
বাংলাদেশ ফুটবল ফেডারেশন

মোঃ আবু নাইম সোহাগ
সাধারণ সম্পাদক



বিতরণঃ

- ১। ব্যাফুফে সম্মানিত সভাপতি।
- ২। ব্যাফুফে কার্যনির্বাহী কমিটি।
- ৩। সংশ্লিষ্ট সকল।
- ৪। ব্যাফুফে নোটিশ বোর্ড।

সংযুক্তিঃ 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২১-২২' উপলক্ষে প্রণীত ক্লাব নিবন্ধন ফরম ১ (এক) কপি।